

**বার্ষিক প্রতিবেদন-২০১৬-২০১৭**  
**খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট**  
**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

১। **কল্যাণ ট্রাস্টের ইতিবৃত্তঃ** ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর বিগত সরকারের আমলে ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা, যা পরিচালনার জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে।

২। **বোর্ড অব ট্রাস্টিঃ** ৭ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, ভাইস-চেয়ারম্যান জনাব জুয়েল আরেং, এমপি, ট্রাস্টি ড. বেনেডিক্ট আলো ডি'রোজারিও, জনাব হিউবার্ট গমেজ, জনাব জেমস সুব্রত হাজারা, জনাব উইলিয়াম প্রলয় সমদ্দার এবং ট্রাস্টি ও সচিব জনাব নির্মল রোজারিও।

**৩। অনুদান প্রদানঃ**

২০১৬-১৭ অর্থ বছরে মোট ৮৬টি চার্চকে মেরামত, সংস্কার, নির্মাণ, মাটিভরাট, কবরস্থানের বাউন্ডারী নির্মাণের জন্য সর্বমোট ২১ লক্ষ ৬৮ হাজার টাকা খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

**৪। জাতীয় দিবস উদযাপনঃ**

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিবস, মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের স্মরণে ও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

**৫। বঙ্গভবনের অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদানঃ**

প্রতি বছরের ন্যায় শুভ বড়দিন-২০১৭ উপলক্ষে ২৫ শে ডিসেম্বর বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি খ্রিস্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে সংবর্ধনা আয়োজন করে। এই আয়োজনে সরকারি পর্যায়েও সম্প্রদায়ের পক্ষ থেকে সকল প্রকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়েছে।

**৬। প্রশিক্ষণ প্রদানঃ**

পরিবর্তনশীল সমাজে যুব সমাজের নীতি ও নৈতিকার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, সম্প্রীতিপূর্ণ সমাজব্যবস্থা গঠনে যুব সমাজের ভূমিকার উপর যুবক-যুবতীদের জন্য ৪টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। এছাড়াও বর্তমান প্রেক্ষাপটে খ্রিস্টভক্ত জনগণের আধ্যাতিক পরিচর্যায় পালক-পুরোহিতগণের ভূমিকা এবং আন্তর্ধর্মীয় সম্প্রীতি ও সহবস্থান গড়ে তুলতে পালক পুরোহিতগণের করণীয় বিষয়ক ১টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে।

**৭। খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইনঃ**


১৯৮৩ খ্রিস্টাব্দের খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশটি মন্ত্রী পরিষদের সিদ্ধান্তের আলোকে বাংলায় অনুবাদ ও যুগপোযোগী করে 'খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন-২০১৭' নামে চূড়ান্ত করা হয়েছে। আইনটি ইতোমধ্যে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করে সংসদে উত্থাপনের অপেক্ষায় রয়েছে।

**৮। জাতীয় অনুষ্ঠানে পালক/পুরোহিত প্রেরণঃ**

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে পবিত্র বাইবেল থেকে পাঠের জন্য পালক/পুরোহিত প্রেরণ করা হয়ে থাকে।

**৯। অন্যান্যঃ**

এছাড়াও দেশের খ্রিস্টান সমাজের সাধারণ নাগরিক ও প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে অত্র ট্রাস্ট সর্বদা সচেষ্ট থেকে ভূমিকা পালন করে যাচ্ছে।

  
নির্মল রোজারিও  
সচিব

মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯

ফোন: ৯১১৪২৯৬, ফ্যাক্স : ৯১০৪৭১৫

ই-মেইল: crwt09@yahoo.com